

ব্রাহ্মণবাড়িয়া জেলা সমিতি, ঢাকা



স্থায়ী কার্যালয়ঃ মাহবুব প্লাজা, ৬ষ্ঠ তলা, ২১/এ, তোপখানা রোড, ঢাকা।

www.bzsamity.org

“শিক্ষা বৃত্তি”-২০২৩

: বিজ্ঞপ্তি :

ব্রাহ্মণবাড়িয়া জেলার স্থায়ী বাসিন্দাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “ব্রাহ্মণবাড়িয়া জেলা সমিতি, ঢাকা”-এর পক্ষ থেকে জেলার মেধাবী-দরিদ্র ছাত্র/ছাত্রীদের লেখাপড়ায় উৎসাহ প্রদানের লক্ষ্যে ২০২২ সনের এস,এস,সি পরীক্ষায় জিপিএ-৫(এ+) প্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। যোগ্য প্রার্থীদেরকে সমিতির নির্ধারিত ফরমে আগামী ০৩/০৮/২০২৩ইং থেকে ৩০/০৮/২০২৩ইং তারিখের মধ্যে আহ্বায়ক, শিক্ষা উপকমিটি, ব্রাহ্মণবাড়িয়া জেলা সমিতি ঢাকা, মাহবুব প্লাজা, ৬ষ্ঠ তলা, ২১/এ, তোপখানা রোড, ঢাকা-১০০০, বরাবরে আবেদন পত্র জমা দিতে হবে।

বৃত্তির জন্য যোগ্য প্রার্থীদেরকে যথাসময়ে অনুষ্ঠানের তারিখ জানানো হবে। সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বরাবর ‘শিক্ষা বৃত্তি’র বিজ্ঞপ্তি ও আবেদনের ফরম ডাকযোগে পাঠানো হবে। সমিতির ওয়েব সাইটে (www.bzsamity.org) বৃত্তির আবেদন পত্রের নমুনা ও বিস্তারিত তথ্য পাওয়া যাবে।

আবেদন পত্রের সাথে প্রতিষ্ঠান প্রধান (প্রধান শিক্ষক) এর সুপারিশসহ সত্যায়িত ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্রের অনুলিপি, এক কপি পাসপোর্ট সাইজ ছবি এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/মেয়র, পৌরসভা হতে নাগরিকত্বের সনদপত্র জমা দিতে হবে।

নোটঃ ব্রাহ্মণবাড়িয়া জেলা এবং বাংলাদেশের যে কোন জেলায় বসবাসরত ২০২২ সনের এস,এস,সি পরীক্ষায় জিপিএ-৫ (এ+) প্রাপ্ত ব্রাহ্মণবাড়িয়া জেলার শিক্ষার্থীগণ এই বৃত্তির জন্য আবেদন করতে পারবে।

০২/০৮/২০২৩ইং

(মো. আব্দুল হামিদ)

আহ্বায়ক

শিক্ষা উপকমিটি

ব্রাহ্মণবাড়িয়া জেলা সমিতি, ঢাকা।

সদয় অবগতির জন্য :

- ০১। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
- ০২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ব্রাহ্মণবাড়িয়া।
- ০৩। সকল উপজেলা নির্বাহী কর্মকর্তা- ব্রাহ্মণবাড়িয়া।
- ০৪। জেলা শিক্ষা কর্মকর্তা- ব্রাহ্মণবাড়িয়া।
- ০৫। সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা- ব্রাহ্মণবাড়িয়া।